

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর থেকে শুদ্ধ প্রত্যাহারের দাবি

নিজস্ব প্রতিবেদক >

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা তাদের ওপর আরোপিত ৭.৫ শতাংশ শুদ্ধ প্রত্যাহারের দাবি জানিয়েছেন। গতকাল রবিবার জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচিতে এ দাবি জানান তারা। এবারের জাতীয় বাজেটে এই শুদ্ধ আরোপ করা হয়। মানববন্ধনে স্লোগান ছিল 'শিক্ষার্থীরা কোনো পশ্য নয়, উচ্চশিক্ষার মূল্য সংযোজন কর (মুসক) বন্ধ কর'। এতে কয়েকটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশ নেন। মানববন্ধনে বক্তারা বলেন, শিক্ষা কোনো সাবান, শ্যাম্পু, সিগারেট বা আধু-পটল নয় যে তাতে ভ্যাট বসাতে হবে। শিক্ষা ছাড়া কোনো জাতি উন্নতি করতে পারেনি। তাই সাধারণ শিক্ষার্থীরা হুমকিতে পড়ে—এমন সিদ্ধান্ত নেওয়া যাবে না।

মানববন্ধন শেষে সচিবালয় ঘেরাওয়ার চেষ্টা করেন শিক্ষার্থীরা। কিন্তু পুলিশের বাধায় তাঁরা ফিরে যান।

এদিকে একই দাবিতে আলাদাভাবে মানববন্ধন করেছেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির শিক্ষার্থীরা। গতকাল রাজধানীর রামপুরা ব্রিজের ওপর এ কর্মসূচি পালন করেন তাঁরা।



বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর থেকে আরোপিত শুদ্ধ প্রত্যাহারের দাবিতে গতকাল সচিবালয় ঘেরাওয়ার চেষ্টা করেন শিক্ষার্থীরা। কিন্তু পুলিশের বাধায় তাঁরা ফিরে যান।

ছবি: কালের কণ্ঠ